

# Times Today BD

আন্তর্জাতিক ডেস্ক | আন্তর্জাতিক | 31 May, 2025

যুক্তরাষ্ট্রের সরকারি দক্ষতা বিভাগের প্রধান হিসেবে সদ্য অব্যাহতি নিয়েছেন ইলন মাস্ক। শুক্রবার (৩০ মে) ওভাল অফিসে মাস্কের বিদায় অনুষ্ঠানের আয়োজন করা হয়। এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে ইলন মাস্ককে বড় একটি স্বর্ণের চাবি উপহার দিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড।

এদিন ট্রাম্প একটি কাঠের বাক্সে রাখা বড়সড় স্বর্ণের চাবি ইলন মাস্কের হাতে তুলে দেন। ট্রাম্প বলেন, 'এ ধরনের উপহার আমি কেবল 'বিশেষ মানুষদের'ই দেই। দেশের পক্ষ থেকে ধন্যবাদস্বরূপ মাস্ককে এ উপহার দেয়া হলো বলে জানান ট্রাম্প।

ওভাল অফিসে আয়োজিত যৌথ সংবাদ সম্মেলনে মার্কিন প্রেসিডেন্ট বলেন, 'এটা সরকারি দক্ষতা বিভাগের শেষ নয়, বরং সত্যিকার অর্থে সূচনাপর্ব।

সম্প্রতি ইলন মাস্ক যুক্তরাষ্ট্রের সরকারি দক্ষতা বিভাগের (ডিওজিই) প্রধানের পদ থেকে সরে দাঁড়ানোর ঘোষণা দেন। এ বিভাগে তার দায়িত্ব ছিল যুক্তরাষ্ট্রের সরকারি খরচ কমানো। বিশেষ সরকারি উপদেষ্টা হিসেবে তার মেয়াদ প্রায় শেষের দিকে ছিল।

সংবাদ সম্মেলনে মাস্ককে প্রশ্ন করা হয়, সরকারি দক্ষতা বিভাগের সঙ্গে তার ভবিষ্যতের ভূমিকা কেমন হবে? জবাবে তিনি বলেন, তিনি আশা করছেন প্রেসিডেন্ট যখনই চাইবেন, তখনই তিনি পরামর্শ দিতে থাকবেন।

এএফপির এক প্রতিবেদনে বলা হয়, ওভাল অফিসে রিপাবলিকান নেতা ট্রাম্প বৈদ্যুতিক গাড়ি নির্মাতা প্রতিষ্ঠান টেসলার প্রধান ইলন মাস্কের প্রশংসা করেন। ট্রাম্পের মতে, মাস্ক যেসব সরকারি সংস্কার কর্মসূচি চালিয়েছেন, তা কয়েক প্রজন্মের মধ্যে সবচেয়ে ব্যাপক ও গুরুত্বপূর্ণ।

ট্রাম্প জোর দিয়ে বলেন, মাস্ক আসলে 'সত্যিকার অর্থে বিদায় নিচ্ছেন না'। মাস্ক যাওয়া-আসার মধ্যে থাকবেন বলে বিশ্বাস তার।

দক্ষিণ আফ্রিকার বংশোদ্ভূত ইলন মাস্ক শুক্রবার ওভাল অফিসে হাজির হয়েছিলেন কালো টি-শার্ট পরে। সেখানে সাদা অক্ষরে লেখা ছিল 'ডিওজিই ফাদার'। মাস্কের মাথায় ছিল কালো রঙের ক্যাপ। তিনি বলেন, তার ঘোষিত ১ ট্রিলিয়ন ডলার শাসনের একটা বড় অংশের ফল পেতে সময় লাগবে। মাস্ক বলেন, 'আমি প্রেসিডেন্টের বন্ধু ও উপদেষ্টা হিসেবে পাশে থাকতে চাই।

সূত্র : বিবিসি

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 04:25

URL: <https://www.timestodaybd.com/international/3188775807>